



নবম শ্রেণি

বাংলা ২য়পত্র

৪র্থ অধ্যায় - ১ম পরিচ্ছেদ: পদ- প্রকরণ

তারিখ: ২১/০৭/২০

১. মাহমুদ ভাল ছেলে - 'ভাল' কোন পদ?

- ক) বিশেষ্য                      খ) বিশেষণ  
গ) ক্রিয়া                        ঘ) ক্রিয়া বিশেষণ

২. 'সমিতি' কোন বিশেষ্যের উদাহরণ?

- ক) নামবাচক বিশেষ্য    খ) জাতিবাচক বিশেষ্য  
গ) সমষ্টিবাচক বিশেষ্য    ঘ) গুণবাচক বিশেষ্য

৩. 'গীতাঞ্জলী', 'বিশ্বনবী' কোন ধরনের বিশেষ্য পদ?

- ক) সংজ্ঞাবাচক                খ) গুণবাচক  
গ) বস্তুবাচক                    ঘ) সমষ্টিবাচক

৪. "তোমাকে নিয়ে কী মুশকিলেই না পড়লাম।" - এ বাক্যটিতে কী অর্থ প্রকাশ পেয়েছে?

- ক) বিড়ম্বনা                      খ) বিরক্তি  
গ) ক্ষোভ                         ঘ) ঘৃণা

৫. কোনটি বিশেষ্য পদ?

- ক) বৈচিত্র্য                        খ) বিচিত্র  
গ) বিশিষ্ট                         ঘ) প্রকৃত

৬. 'সোনার তরী', 'বিষের বাঁশি', 'নকশী কাঁথার মাঠ' - এগুলো কোন শ্রেণির বিশেষ্য?

- ক) গুণবাচক                      খ) সংজ্ঞাবাচক  
গ) বস্তুবাচক                    ঘ) ভাববাচক

৭. পদ প্রথমত দুই প্রকার; যথা -

- ক) বিশেষ্য ও বিশেষণ  
খ) সব্যয় ও অব্যয়  
গ) নাম ও ক্রিয়া  
ঘ) অব্যয় ও ধন্যাত্মক অব্যয়

৮. অপরিবর্তনীয় শব্দকে কোন পদ বলে?

- ক) অব্যয় পদ                      খ) ক্রিয়াপদ  
গ) সর্বনাম পদ                    ঘ) অনুক্ত ক্রিয়াপদ

৯. কোনটি জাতিবাচক বিশেষ্য?

- ক) পর্বত                            খ) মাটি

গ) জনতা                      ঘ) বহর

১০. সব্যয় পদ কত প্রকার?

ক) তিন প্রকার                      খ) দু'প্রকার  
গ) চার প্রকার                      ঘ) পাঁচ প্রকার

১১. “আপন ভালো পাগলেও বুঝে” - এখানে ‘ভালো’ কোন পদ রূপে ব্যবহৃত হয়েছে?

ক) সর্বনাম                      খ) বিশেষ্য  
গ) বিশেষণ                      ঘ) অব্যয়

১২. কোনটি ভাববাচক বিশেষ্য?

ক) মাইকেল                      খ) লন্ডন  
গ) তারল্য                      ঘ) দর্শন

১৩. ‘নদী ও পর্বত’ কোন ধরনের বিশেষ্য পদ?

ক) সংজ্ঞাবাচক                      খ) জাতিবাচক  
গ) বস্তুবাচক                      ঘ) সমষ্টিবাচক

১৪. নিচের কোনটি সমষ্টিবাচক বিশেষ্য?

ক) হিমালয়                      খ) জনতা  
গ) মানুষ                      ঘ) তারুণ্য

১৫. কোনটি ভাববাচক বিশেষণ?

ক) শয়ন/গমন                      খ) লবণ  
গ) যৌবন                      ঘ) বিশ্বনবী

১৬. সমিতি, বাঁক, বহন কোন পদের উদাহরণ?

ক) গুণবাচক বিশেষ্য                      খ) নাম বিশেষণ  
গ) ভাব বিশেষণ                      ঘ) সমষ্টিবাচক বিশেষ্য

১৭. কোনটি সংজ্ঞাবাচক বিশেষ্য?

ক) গরু                      খ) সমিতি  
গ) বীরত্ব                      ঘ) গীতাঞ্জলি

১৮. ‘নিশীথ রাতে বাজছে বাঁশি’ - ‘নিশীথ’ কোন পদ?

ক) ক্রিয়া                      খ) বিশেষ্য  
গ) বিশেষণ                      ঘ) ক্রিয়াবিশেষণ

১৯. চাউল, চিনি, কাঠ, পানি - এগুলো কোন ধরনের বিশেষ্য?

ক) ব্যক্তিবাচক                      খ) জাতিবাচক  
গ) বস্তুবাচক                      ঘ) সমষ্টিবাচক

২০. কোনটি গুণবাচক বিশেষ্য?

ক) সৌন্দর্য                      খ) দর্শন  
গ) লবণ                      ঘ) ভোজন

২১. পদ কয় প্রকার?

ক) চার                      খ) পাঁচ  
গ) ছয়                      ঘ) সাত

২২. অভিযাত্রী, মানুষ, কল্পনা, রাজ্য - কোন পদ?

ক) বিশেষ্য পদ                      খ) অব্যয় পদ  
গ) ক্রিয়াপদ                      ঘ) বিশেষণ পদ

২৩. বস্তু বা দ্রব্যবাচক বিশেষ্যের উদাহরণ কোনটি?

ক) বহর                      খ) গমন  
গ) চিনি                      ঘ) সুখ

২৪. ভাববাচক বিশেষ্য পদ গঠনে কোন প্রত্যয় গঠিত হয়?

ক) অন                      খ) আল  
গ) আই                      ঘ) ইয়া

২৫. যে কোনো বিশেষ্য পদ কোন পুরুষ?

ক) উত্তম পুরুষ  
খ) মধ্যম পুরুষ  
গ) মধ্যম ও নাম পুরুষ  
ঘ) নাম পুরুষ

২৬. বিশেষ্য পদ কত প্রকার?

ক) ছয়                      খ) পাঁচ  
গ) সাত                      ঘ) চার

২৭. কোনটি সমষ্টিবাচক বিশেষ্য?

ক) পর্বত                      খ) মাটি  
গ) মানুষ                      ঘ) বহর

২৮. সৌরভ, যৌবন, সুখ ইত্যাদি কোন প্রকারের বিশেষ্য?

ক) সংজ্ঞাবাচক বিশেষ্য                      খ) বস্তুবাচক বিশেষ্য  
গ) নামবাচক বিশেষ্য                      ঘ) গুণবাচক বিশেষ্য